চুয়াডাঙ্গায় বিশ্ব মা দিবসে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের সম্মাননা প্রদান

চুয়াডাঙ্গায় বিশ্ব মা দিবস উপলক্ষে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের হাতে সম্মাননা প্রদান অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে বিশ্ব মা দিবস উদযাপন করা হয়।

বিশ্ব মা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও স্বপ্নজয়ী মায়েদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) হামিদ রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় তিনি বলেন, মা ছোট্ট একটি শব্দ কিন্তু পৃথিবীর সবচেয়ে মধুরতম ডাক। ছোট্ট এ শব্দের অতলে লুকানো থাকে গভীর স্নেহ, মমতা আর অকৃত্রিম ভালোবাসা। তাইতো মমতাময়ী মায়ের সম্মানে প্রতি বছর মে মাসের দ্বিতীয় রোববার পৃথিবীব্যাপি বিশ্ব মা দিবস পালন করা হয়। মাকে ভালোবাসা ও শ্রদ্ধা জানাতে কোনো দিনক্ষণ প্রয়োজন হয় না। মায়ের প্রতি প্রতিদিনই সন্তানের ভালোবাসা থাকে।

এ সময় চুয়াডাঙ্গায় পাঁচজন স্বপ্নজয়ী মায়েদের হাতে ফুলেল শুভেচ্ছা ও ক্রেষ্ট তুলে দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক মাকসুরা জান্নাত সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ।

দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাংগঠনিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা উপজেলা ডাক বাংলা চত্বরে আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সভাপতি সহিদুল আলম।

আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক আঃ লতিফ এলকিন। বিশেষ অতিথি ছিলেন টাঙ্গাইল জেলা জাতীয় পার্টির যুগ্ন সাধারণ সম্পাদক খতিব আলি, চুয়াডাঙ্গা জেলা কৃষক পাটির সভাপতি আবু জাফর, দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক হাজী জামাল উদ্দীন, চুয়াডাঙ্গা জেলা ছাত্র সমাজের যুগ্ম আহ্বায়ক নাইম হোসেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি আশরাফ মল্লিক, সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, জুড়ানপুর ইউনিয়ন জাতীয় পাটির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জামাল হোসেন, জাতীয় পাটির নেতা আশরাফুল হক প্রমুখ।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা জাতীয় পাটির যুগ্ম সাধারণ সম্পাদক সহিদ আজম সদু।

দামুড়হুদায় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্টের বাজেট বিষয়ে আলোচনা সভা

দামুড়হুদায় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-৩) প্রকল্পের অগ্রগতি ও বাজেট বিষয়ে উপজেলা পর্যায়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বেলা ১২টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী প্রকৌশলী আব্দুর রশীদ, সহকারী প্রকৌশলী আক্তারুজ্জামান, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলি ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন ও নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাফিকুল ইসলামসহ ৮ টি ইউনিয়ন পরিষদের সচিবগণ।

এসময় ইউএনও রোকসানা মিতা বলেন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম শক্তিশালীকরণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও টেকসইকরণে এলজিএসপি-৩ উল্লেখযোগ্য অবদান রাখছে। নারীর ক্ষমতায়নসহ নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি ও গ্রামীণ দারিদ্র হ্রাসকরণে বিশেষ অবদান রাখার পাশাপাশি ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে সকল ইউনিয়ন পরিষদকে কার্যকর স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে রূপ দিতেও বিশেষ ভূমিকা রাখছে।

কোটচাঁদপুরে অগ্নিকান্ডজনিত দূর্ঘটনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা

অগ্নিকান্ডজনিত দূর্ঘটনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা করা হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর অফিসার্স ক্লাবে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী অফিসার উছেন মে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা চেয়ারম্যান

মোছাঃ শরিফুননেসা মিকি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন সহকারী কমিশনার(ভুমি) নিরুপমা রায়, প্রকৌশলী মিজানূর রহমান,মৎস্য কর্মকর্তা সঞ্জয় ঘোষ, সমাজ সেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, কৃষি কর্মকর্তা রাজি বসু হাসান ও কোটচাঁদপুর ফায়ার স্টেশনের, স্টেশন মাস্টার আক্কাস আলী।

মতবিনিময় সভার মূল আলোচ্য বিষয় ছিল অগ্নিকান্ড জনিত দূর্ঘটনা। এ কারনেই পুরো আলোচনা জুড়েই ছিলেন, ফায়ার স্টেশনের, স্টেশন মাস্টার আক্কাস আলী।

এ সময় উপস্থিত বক্তাদের বক্তব্যে বার বার উঠে এসেছেন পানির বিষয়টি। যা অগ্নি নির্বাপনে সব থেকে বেশি প্রয়োজন। যা কোটচাঁদপুর শহরে তেমন নাই। তবে বিকল্প ব্যবস্থা হিসেবে পৌর সভার পানির পাম্প ব্যবহার করার সম্মতি জ্ঞাপন করেছেন মেয়র সহিদুজ্জামান সেলিম।

এছাড়া আবাসিক প্রকৌশলি অফিসে মধ্যে থাকা পানির পাম্পও ব্যবহার করার কথা জানান প্রকৌশলি মনোয়ার হোসেন।

পরে স্থানীয় ফায়ার স্টেশনের সদস্যরা অগ্নিকান্ডে মানুষের করনীয় বিষয় নিয়ে একটি মহড়া উপস্থাপন করেন, অফিসার্স ক্লাবে সামনে।

দামুড়হুদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১০টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

১৭ই এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ইউএনও রোকসানা মিতা’র

সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, বীর মুক্তিযোদ্ধা আলাউদ্দিন, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে আলোচনা সভা

চুয়াডাঙ্গায় ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা শীর্ষক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, ঐতিহাসিক মুজিবনগর দিবস আমাদের মুক্তিযুদ্ধের চেতনার একটি গুরুত্বপূর্ণ দিন। এই দিনে বাংলাদেশের অস্থায়ী সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। এই দিবসের তাৎপর্য ও গুরুত্ব অনেক বেশি। এই দিবসের সাথে চুয়াডাঙ্গা জেলার অগ্রণী ভূমিকা ছিলো। উন্নত বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশ গড়তে হলে আমাদের অবশ্যই মুক্তিযুদ্ধের চেতনার জাগ্রত হতে হবে।

এ সময় তিনি সকল শিক্ষার্থীদের আহবান করে বলেন, তোমাদের সঠিক মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে হবে ও সঠিক মুক্তিযুদ্ধের চেতনার নিজেদের গঠন করতে হবে।

ঐতিহাসিক মুজিব নগর দিবসের আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা কোর্ট মসজিদের পেশ ইমাম দোয়া পরিচালনার মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ

সুপার(অর্থ ও প্রশাসন) আবু তারেক, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ আবু রাশেদ, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা সাবেক পৌর মেয়র রিয়াজুল ইসলাম জোয়ার্দার, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক মোঃ জাহিদুল হাসান, চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী কমিশনার(ভূমি) মাজহারুল ইসলাম সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক এবং ছাত্র-ছাত্রীবৃন্দ।

চুয়াডাঙ্গায় বাংলাদেশ স্কাউটস দিবস উপলক্ষে আলোচনা সভা ইফতার মাহফিল

স্কাউটিং করবো স্মার্ট বাংলাদেশ গড়বো এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গা পালিত হয়েছে বাংলাদেশ স্কাউটস দিবস। দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা রোভার ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের যৌথ আয়োজনে চুয়াডাঙ্গা সরকারি কলেজের এফএফ হলে আলোচনা সভা ইফতার মাহফিল ও স্কাউটস ওন অনুষ্ঠিত হয়।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজের এফএফ হলে রোভার মোহাম্মদ রেজওয়ান এর কোরআন তেলাওয়াতের মাধ্যমে আলোচনা সভা শুরু হয়।

চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক মোঃ জাহিদুল হাসান এর তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউট দিবস উপলক্ষে আলোচনা সভা ইফতারি মাহফিল ও স্কাউটস ওন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্মসাধারণ সম্পাদক ও নিগার সিদ্দিক ডিগ্রী কলেজের অধ্যক্ষ আবু নাসিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভারের সহ-সভাপতি ও দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর

রেজাউল করিম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সাধারণ সম্পাদক জাহিদুল হাসান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক শফিকুল ইসলাম, কার্পাসডাঙ্গা ডিগ্রী কলেজের অধ্যক্ষ হামিদুল হক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান খন্দকার রোকনুজ্জামান, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজের ইউনিট লিডার লিয়াকত আলী, চুয়াডাঙ্গা সরকারি কলেজ গার্ল ইন রোভার ইউনিটের ইউনিট লিডার মারুফা ইয়াসমিন, মেঘ রয়, শিউলী খাতুন সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত রোভার বৃন্দ।

অনুষ্ঠানটি প্রাণবন্ত উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব।

দামুড়হুদায় ২৫শে মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় ২৫শে মার্চ গণহত্যা দিবস-২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, বাংলার সূর্য সন্তান বীর মুক্তিযোদ্ধা আসির উদ্দিন, রুস্তম আলী। উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা প্রশাসনিক কর্মকর্তা ফয়জুল ইসলামসহ উপজেলার সব দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

চুয়াডাঙ্গায় গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় ডিসি সাহিত্য মঞ্চে সকাল দশটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ নাজমুল হামিদ রেজা সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, ২৫শে মার্চ বাঙ্গালী জাতির জীবন সবথেকে একটা ন্যাক্কারজনক ঘটনা। ১৯৭১ সালের ২৫শে মার্চ জাতির জীবনে একটা ভয়াবহ দিন এটা।এই দিনে হত্যা করা হয়েছিলো জাতির শেষ্ঠ সন্তান মুক্তিযোদ্ধা, বুদ্ধিজীবী, সাংবাদিক, লেখন,শিক্ষক, ছাত্র,কৃষক সহ সাধারণ মানুষের। পশ্চিম পাকিস্তানের শাসনগণ চেয়েছিলেন পূর্ব পাকিস্তান তথা আজকের বাংলাদেশ কে পুরোপুরি ভাবে মানচিত্র থেকে মূছে ফেলতে এবং ঘুমন্ত বাঙ্গালীদের পুরোপুরি ভাবে নিঃশেষ করতে।

এ সময় তিনি আরও বলেন, বাঙ্গালী জাতি বীরের জাতি।গণহত্যার পরও বাঙ্গালী জাতি পিছিয়ে আসেনি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব বাঙ্গালী জাতি সকল প্রকার বাঁধা কাটিয়ে ছিনিয়ে এনেছিলো মহান বিজয়। ২০১৭ সাল থেকে বাংলাদেশ আমরা জাতীয় গণহত্যা দিবস পালন করছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি) কবির হোসেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরাফাত রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু,চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার

(প্রশাসন) আবু তারেক, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোঃনুরুল ইসলাম মালিক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ চুয়াডাঙ্গা জেলা ইউনিটের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোঃআবু হোসেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকবমন্দ ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় জাতীয় শিশু দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

চুয়াডাঙ্গায় যথাযথ মর্যাদায় পালিত হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস। দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান র্যালি ও র্যালি পরবর্তী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন, চুয়াডাঙ্গার আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পস্তবক অপর্ণ শেষে বর্ণাঢ্য র্যালি জেলা প্রশাসকের কার্যালয় থেকে শুরু হয়ে হাসান চত্বর ঘুরে ডিসি সাহিত্য মঞ্চে শেষ হয়। র্যালি পরবর্তী আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান

মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, অধ্যক্ষ,পরবর্তীতে জেলা শিল্পকলা একাডেমির পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং ১৭ মার্চ উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি ও জেলা শিশু একাডেমি কর্তৃক আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।